

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ জুন ২০২২

বিজয় নগর পাহাড় ধস এলাকা পরিদর্শনকালে মেয়র  
ঝুঁকিপূর্ণ এলাকা থেকে নিরাপদ আশ্রয় কেন্দ্রে  
সরিয়ে আনার নির্দেশনা প্রদান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী আজ দুপুরে নগরীর উত্তর পাহাড়তলী ওয়ার্ডস্থ ১নম্বর ঝিল বিজয় নগর পাহাড় ধস এলাকা পরিদর্শন করেন। গতরাতে বিজয় নগরে পাহাড় ধসে নিহতদের পরিবারের সাথে দেখা করে দুঃখ প্রকাশ করেন এবং সমবেদনা জানান। ক্ষতিগ্রস্ত পরিবার কে আর্থিক সহায়তা প্রদান করা হবে বলে জানান। এখনো পাহাড়ের পাদদেশে ঝুঁকি নিয়ে যারা বসবাস করছেন তাদের নিরাপদ আশ্রয় কেন্দ্রে সরিয়ে আনার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। ইতোমধ্যে ফিরোজ শাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬০ জন এবং পি ব্লক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫০ জন আশ্রয় গ্রহণ কারীদের জন্য সিটি কর্পোরেশন থেকে ত্রাণ সামগ্রী ব্যবস্থা করা হয়। এছাড়ার তাদের জন্য পর্যাপ্ত খাদ্য বস্ত্র বরাদ্দের বিষয়ে জেলা প্রশাসকের বরাবরে পত্র প্রেরণ করেন। পাহাড় ধস এলাকা পরিদর্শন করলেন মেয়র সাথে ছিলেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দীন, ওয়ার্ড স্থানীয় কাউন্সিলর জহুরুল আলম জসিম, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মাহাজন, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, নির্বাহী প্রকৌশলী মীর্জা ফজলুল কাদের প্রমুখ।

দুর্যোগ পরিস্থিতি পর্যবেক্ষণ ও ক্ষয়ক্ষতির আশংকা মোকাবেলায়  
চসিকের জরুরী নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন

অতি বর্ষণের কারণে মহানগরীরতে সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগ পরিস্থিতিতে নগরবাসীর জানমালের ক্ষয়ক্ষতির আশংকায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন টাইগারপাসস্থ নগর ভবনের কনফারেন্স রুমে জরুরী নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করেছে। সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী প্রাকৃতিক দুর্যোগের কারণে নগরীর কোথাও কোন ধরণের মানবিক বিপর্যয় ঘটলে তা দ্রুত মোকাবেলায় চসিকের জরুরী নিয়ন্ত্রণ কক্ষে যোগাযোগ করার জন্য নগরবাসীর প্রতি আহ্বান জানান। নিয়ন্ত্রণ কক্ষে যোগাযোগের নম্বর: ০১৭১৭-১১৭৯১৩ অথবা ০১৮১৮-৯০৬০৩৮। উল্লেখ্য যে, নগরীর আকবর শাহ এলাকায় পাহাড় ধস এলাকা পরিদর্শনে যান স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর মো. জহুরুল আলম জসিম, চসিক সচিব খালেদ মাহমুদসহ উদ্ধৃত্তণ কর্মকর্তাগণ। তাঁর পাহাড় ধস এলাকায় উদ্ধার কাজে তদারকী করেন এবং ঝুঁকিপূর্ণ স্থানে বসবাসকারীদের নিরাপদ আশ্রয়ে যাওয়ার জন্য অনুরোধ জানান।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩